ডাক গৃহীত
১৪/৮/২২

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১১.৩৫৪(অংশ-৪).২২- ৫২৬ তারিখ -১১/৮/২০২২ খ্রিঃ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্মকমিশনের ০৯/১২/২০১৮ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.৩০১.(গোপনীয়).১১.২২১৯.১৭-২৩২ নং স্মারকের সুপারিশ এবং স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৩.১১.০০২.১৮-৪৩৮ তারিখ-১০/০৮/২০২২ খ্রিঃ মাধ্যমে নিয়োগের জন্য সম্মতি প্রদানকৃত ০২(দুই) জন প্রার্থী ডাক্তারি পরীক্ষায় যোগ্য বিবেচিত হওয়ায় এবং পুলিশ প্রত্যায়ন বিবরণীতে তাদের বিরুদ্ধে কোন বিরূপ তথ্য না পাওয়ায় তাদেরকে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের রাজস্বখাতভূক্ত **"উপ-সহকারী প্রকৌশলী"** পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেডে ১৬০০০-৩৮৬৪০/- টাকার বেতনক্রমে এবং বিধি মোতাবেক অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলো।

| ক্রঃ নং | পিএসসির মেধাক্রম | প্রার্থীর নাম<br>পিতার নাম, মাতার নাম ও<br>পিএসসির রেজিঃ নম্বর | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৫ | ৫ |
| ১ | ১৪ | জনাব তুষার পাল<br>পিতাঃ- কেশব পাল<br>মাতাঃ- লক্ষী পাল<br>পিএসসির রেজিঃ নং- ০০০৪০১ | গ্রাম/মহল্লা ঃ পাঁচদোনা<br>ডাকঘর ঃ পাঁচদোনা<br>উপজেলাঃ নরসিংদী<br>জেলা ঃ নরসিংদী | গ্রাম/মহল্লা ঃ পাঁচদোনা<br>ডাকঘর ঃ পাঁচদোনা<br>উপজেলাঃ নরসিংদী<br>জেলা ঃ নরসিংদী |
| ২ | ৫৩ | জনাব শুভংকর মন্ডল<br>পিতাঃ- শীতল মন্ডল<br>মাতাঃ- সবিতা মন্ডল<br>পিএসসির রেজিঃ নং- ০০২৪৮৪ | গ্রাম/মহল্লা ঃ বি-৭২, মাধববাড়ী, পূর্ব জয়দেবপুর<br>ডাকঘর ঃ গাজীপুর-১৭০০<br>উপজেলাঃ গাজীপুর সদর<br>জেলা ঃ গাজীপুর | গ্রাম/মহল্লা ঃ বি-৭২, মাধববাড়ী, পূর্ব জয়দেবপুর<br>ডাকঘর ঃ গাজীপুর-১৭০০<br>উপজেলাঃ গাজীপুর সদর<br>জেলা ঃ গাজীপুর |

## নিয়োগের শর্তাবলী ঃ

(ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং যে কোন কারণ দর্শানো ব্যাতিরেকে অথবা বিনা নোটিশে তাকে চাকুরী হতে অব্যাহতি দেয়া যাবে।

(খ) তাকে ২(দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে থাকতে হবে। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার শিক্ষানবিসকাল আরও ২(দুই) বৎসর বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তার আচরণ ও কর্ম সন্তোষজনক হলে চাকুরীতে স্থায়ী করণের বিষয়ে বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে যদি কেউ চাকুরীতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্মকমিশনের পরামর্শ ব্যাতিরেকে তাকে চাকুরী থেকে অব্যাহতি দেয়া যাবে।

(গ) চাকুরীতে যোগদান করার পর তাকে কোন প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ৩০০ (তিনশত) টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ৩ বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন তবে উক্ত সময়ের মধ্যে তাকে প্রদত্ত বেতন, প্রশিক্ষন উপলক্ষে ব্যয়িত ভ্রমণ ভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন।

(ঘ) যদি তিনি তার ইস্তফা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (গ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তাহলে উপ-অনুচ্ছেদ (গ) অনুযায়ী তার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ (Bengal Act No. III of 1913) এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঙ) বাংলাদেশের যে কোন স্থানে তাকে উপ-সহকারী প্রকৌশলী/সমপর্যায়ভূক্ত পদে বদলী করা হলে তিনি বদলীকৃত স্থানে চাকুরী করতে বাধ্য থাকবেন।

(চ) পারস্পরিক জ্যেষ্ঠতা কর্মকমিশন কর্তৃক নিয়োগের জন্য সুপারিশকৃত মেধাতালিকার ক্রমানুসারে নির্ধারিত হবে।

(ছ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(জ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরুপ ক্ষেত্রে সরকারের বর্তমান প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকুরী নিয়ন্ত্রিত হবে।

(ঝ) এ নিয়োগ তার যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

(ঞ) এ চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

২। যদি উপরের শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য হয় তাহলে আগামী ০১ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে তাকে প্রধান প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,১৪ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী কাকরাইল, ঢাকা এ ঠিকানায় যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে চাকুরীতে যোগদান করতে তিনি সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী

প্রাপক ঃ জনাব ------------------------------------------------------------
---------------------------------------------------------------------------
---------------------------------------------------------------------------
---------------------------------------------------------------------------

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১১.৩৫৪(অংশ-৪).২২- ৫২৬ তারিখ ২২/৮/২০২২ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (পাস))।

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১১.৩৫৪(অংশ-৪).২২- ৫২৬/২(২) তারিখ ২২/৮/২০২২ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, এম,আই,এস ইউনিট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা সার্কেল, ঢাকা।

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী